

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০৮

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪৬. মিনায় অবস্থানকালে আরাফাতে যাওয়া পর্যন্ত কত ওয়াক্ত সালাত আদায় করতে হয়

بَابِ كُمْ صَلَاةً يُصِلِّي بِمِنِّي حَتَّى يُغْدَى إِلَى عَرَفَاتٍ

আরবী

أَخْبَرَنَا الْأَسْوَدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا أَبُو كُدَيْنَةَ هُوَ يَحْيَى بْنُ الْمُهَلَّبِ عَنْ الْأَعْمَشِ عَنْ الْحَكَمِ عَنْ مِقْسَمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمِنَّى خَمْسَ صَلَوَاتٍ

বাংলা

১৯০৮. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিনায় অবস্থানকালে পাঁচ ওয়াক্ত সালাত আদায় করেছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ বিশ্বস্ত, তবে ইয়াহইয়া বলেছেন: 'শু'বাহ বলেছেন, হাকাম মিকসাম হতে পাঁচটির অধিক হাদীস শোনেননি।' এ বলে শু'বাহ পাঁচটি গণনা করেছেন যার মধ্যে এ হাদীসটি ছিল না।"

তাখরীজ: আহমাদ ১/২৯৭, ৩০৩; ইবনু খুযাইমা নং ২৭৯৯; হাকিম ১/৪৬১; হাকিম একে বুখারী শর্তানুযায়ী সহীহ বলেছেন, যাহাবী তা সমর্থন করেছেন; তিরমিযী, হাজ্জ ৮৮০; আবূ দাউদ, মানাসিক ১৯১১; পুর্ণ তাখরীজের জন্য মুসনাদৃল মাউসিলী নং ২৪২৬ হাদীসটি দেখুন।

এর শাহিদ হাদীস রয়েছে, যা ইবনু খুয়াইমা নং ২৭৯৮, হাকিম ১/৪৭১ ইবনুয যুবাইর হতে সহীহ সনদে; দেখুন, ফাতহুল বারী ৩/৫৮০, ৫/১৩১-১৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন